AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 04-11-2026 **Time: 7.50 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকারি চাকরিতে আবেদনের ঊর্ধ্বসীমা বাড়িয়ে ৪৫ বছর করা হচ্ছে।

২০২৭ সালের এপ্রিলে পঞ্চায়েত দপ্তরে ইঞ্জিনিয়ার সহ প্রায় ৭ হাজার ২-শো টি স্থায়ী পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

সরকারি কর্মীদের মোটর বাইক, স্কুটার, মোপেড এবং ইলেকট্রিক বাইক কেনার ক্ষেত্রে অগ্রিম অর্থের ঊর্ধ্বসীমা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

২) কেন্দ্রীয় মন্ত্রিসভা, অগ্নিবীরদের চাকরীর মেয়াদ চার বছর থেকে বৃদ্ধি করে ৬ বছর করার প্রস্তাব অনুমোদন করেছে।

৩) ডায়মন্ড হারবার জেলা পুলিশ দক্ষিণ ২৪ পরগণার সরিষায় তৃণমূল কংগ্রেসের একটি দলীয় কার্যালয় থেকে এক কোটিরও বেশি টাকা উদ্ধার করেছে।

৪) কলকাতা পুরসভার আসন পুনর্বিন্যাস সংক্রান্ত মামলার রায় ঘোষণার আগে কোনো বিজ্ঞপ্তি জারি করা চলবে না বলে হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

৫) ১৭ ই নভেম্বরের মধ্যে বীরভূমের পাথর ব্যবসায়ী টুলু মন্ডলকে দুবাই থেকে দেশে ফেরার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৬) রোজ ভ্যালি আর্থিক প্রতারণা মামলায় আমানতকারীদের টাকা ফেরানোর প্রক্রিয়ায় গতি আনতে উদ্যোগী হয়েছে কলকাতা হাইকোর্ট গঠিত অ্যাসেট ডিসপোজাল কমিটি।

রাজ্য সরকারি চাকরিতে আবেদনের ঊর্ধ্বসীমা বাড়িয়ে ৪৫ বছর করা হচ্ছে। নবান্ন সভাঘরে আজ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে সমবায় দফতরের ২০০-র বেশি কো-অপারেটিভ ইন্সপেক্টরকে নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী একথা ঘোষণা করেছেন। তিনি বলেন, সরকারি চাকরীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় ৫ বছর ছাড়ের প্রস্তাব ইতোমধ্যেই রাজ্য মন্ত্রিসভা অনুমোদন করেছে। আগামী বছর থেকেই তা কার্যকর হবে। পূর্বতন সরকারের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, একটানা কোনো নিয়োগ না হওয়ার ফলে রাজ্যের শিক্ষিত বেকার যুবক-যুবতীরা বঞ্চিত হয়েছেন।

২০২৭ সালের ৮ মে-র মধ্যে শিক্ষক ও শিক্ষাকর্মী, পুলিশ এবং অন্যান্য সরকারি দফতর মিলিয়ে অন্তত এক লক্ষ শূন্যপদে স্থায়ী নিয়োগ সম্পূর্ণ করা হবে। ১০০ পয়েন্ট রোস্টার এবং সংরক্ষণের সমস্ত বিধি মেনে সম্পূর্ণ মেধার ভিত্তিতে হবে এই নিয়োগ। পিএসসি, এসএসসি বা পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মতো সংস্থাগুলিতে কোনও রাজনৈতিক হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না বলেও স্পষ্ট জানান তিনি।

বাইট

২০২৭ সালের এপ্রিলে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে পঞ্চায়েত দপ্তরে ইঞ্জিনিয়ার সহ প্রায় ৭ হাজার ২-শো টি স্থায়ী পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। বিধাননগরে মৃত্তিকাভবনে গ্রামীণ এলাকার উন্নয়নে বিভিন্ন প্রকল্পে কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা বৈঠকের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, আগামী দিনে পঞ্চায়েত দপ্তরের কাজ সুষ্ঠুভাবে পর্যালোচনা করতে নিউটাউনে তৈরি হবে নতুন কার্যালয়।

নতুন ভিবিজি রামজি প্রকল্পে প্রতিদিন ২২ লক্ষ মানুষ রোজগারের সুযোগ পাচ্ছেন। কেন্দ্রীয় সরকার, রাজ্যের জন্য ২২ কোটি কর্ম দিবস তৈরির লক্ষ্যমাত্রা নিয়েছে। এই প্রকল্পের জন্য বরাদ্দের পরিমাণ ২২ হাজার কোটি টাকা। ইতোমধ্যেই কেন্দ্রের তরফে ১২ শো কোটি টাকা রাজ্যে পাঠানো হয়েছে। এই প্রকল্পে আধার ও কেওয়াইসি সংযুক্তিকরণের সময়ে প্রায় ৩১ লক্ষ ভুয়ো জবকার্ড বাতিল হয়েছে। এমজিনারেগার গ্রাম রোজগার সহায়কদের সাম্মানিক বৃদ্ধির সিদ্ধান্ত সরকার নিয়েছে বলে তিনি জানান।

বাইট

প্রধানমন্ত্রী গ্রমীণ আবাস যোজনায় প্রাথমিক সমীক্ষার পর ৪৭ লক্ষ বাড়ি তৈরির সিদ্ধান্ত হয়েছে।

আজকের বৈঠকে উপস্থিত ছিলেন পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ, কৃষিমন্ত্রী দুধকুমার মন্ডল এবং সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা। বিভিন্ন জেলার জেলাশাসক ও বিডিও-রাও ভার্চুয়ালি বৈঠকে যোগ দেন।

সরকারি কর্মীদের মোটরবাইক, স্কুটার, মোপেড এবং ইলেকট্রিক বাইক কেনার ক্ষেত্রে অগ্রিম অর্থের ঊর্ধ্বসীমা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। অর্থ দফতরের জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সাধারণ মোটরবাইক, স্কুটার বা মোপেড কেনার ক্ষেত্রে প্রথমবার সর্বোচ্চ ১ লক্ষ ২০ হাজার টাকা অগ্রিম পাওয়া যাবে। তবে এই অর্থের পরিমাণ পাঁচ মাসের মূল বেতন অথবা গাড়ির সম্ভাব্য ক্রয়মূল্যের বেশি হবে না।

অন্যদিকে, ইলেকট্রিক বাইক বা ইলেকট্রিক টু-হুইলার কেনার ক্ষেত্রে প্রথম অগ্রিমের সর্বোচ্চ সীমা ১ লক্ষ ৫০ হাজার টাকা। এক্ষেত্রে ছ'মাসের মূল বেতন অথবা গাড়ির ক্রয়মূল্য বিবেচনা করা হবে।

দ্বিতীয়বার অগ্রিমের ক্ষেত্রে সাধারণ বাইক এবং ইলেকট্রিক দু'ধরনের গাড়ির জন্যই সর্বোচ্চ ৯০ হাজার টাকা দেওয়া হবে। এই সুবিধা পাওয়ার জন্য কর্মীদের মূল বেতন ন্যূনতম ২৫ হাজার ৭০০ টাকা হতে হবে। অগ্রিমের মূল

অর্থ সর্বোচ্চ ৬০টি মাসিক কিস্তিতে এবং সুদ সর্বোচ্চ ২০টি মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, অগ্নিবীরদের চাকরীর মেয়াদ চার বছর থেকে বৃদ্ধি করে ৬ বছর করার প্রস্তাব অনুমোদন করেছে। নতুন দিল্লীতে আজ মন্ত্রীসভার বৈঠকের পর CDS, জেনারেল এন এস রাজা সুব্রামানি সংবাদিকদের জানান, ৭৫ শতাংশ অগ্নিবীর, যাদের চার বছরের মেয়াদ শেষের মুখোমুখি, তাঁরা আরও ২ বছর সশস্ত্র বাহিনীতে কাজের সুযোগ পাবেন। এরপর ইচ্ছুক অগ্নিবীররা স্থায়ীভাবে সশস্ত্র বাহিনীতে যোগ দিতে পারবেন।

প্রথম ব্যাচের চার বছরের কার্যকালে দক্ষতার মূল্যায়ণের পর ২৫ শতাংশ অগ্নিবীরকে সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করা হবে। বাকি ৭৫ শতাংশ অতিরিক্ত দু বছরের মেয়াদ শেষে সেনাবাহিনীতে স্থায়ী ভাবে নিয়োগের সুযোগ পাবে।

বাইট

উল্লেখ্য, ২০২২ এর ১৪ ই জুন এই প্রকল্প চালু হয়।

কেন্দ্রীয় সহায়তাপ্রাপ্ত ফার্স্ট ট্র্যাক বিশেষ আদালতের মেয়াদ আরও ৫ বছরের জন্য বাড়ানোর ছাড়পত্র দিয়েছে মন্ত্রিসভা। ২০২৬-র পয়লা এপ্রিল থেকে ২০৩১ সালের ৩১শে মার্চ পর্যন্ত আরও ৫ বছরের জন্য এইসব আদালত কাজ করবে। এর মধ্যে রয়েছে, বিশেষ পস্কো আদালতও। এই প্রকল্পের জন্য

৩ হাজার ৭৮৮ কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে। কেন্দ্রের পক্ষে, নির্ভয়া তহবিল থেকে এই অর্থ দেওয়া হবে। এই প্রকল্পের আওতায় সাড়ে ৮০০-র ও বেশি বিশেষ ফার্স্ট ট্র্যাক আদালত কাজ করতে পারবে।

তৃণমূল কংগ্রেস সাংসদ, অভিষেক ব্যানার্জির আপ্তসহায়ক, পুলিশ হেফাজতে থাকা সুমিত রায়কে জিজ্ঞাসাবাদ করে দক্ষিণ ২৪ পরগণার সরিষার একটি দলীয় কার্যালয় থেকে ১ কোটি ২ লক্ষ ৭৯ হাজার টাকা উদ্ধার করেছে ডায়মন্ড হারবার জেলা পুলিশ। ওই পার্টি অফিস মগরাহাট পশ্চিমের তৃণমূল কংগ্রেস বিধায়ক শামিম আহমেদের বলে জানা গিয়েছে। ধৃতকে জেরা করে পাওয়া তথ্যের ভিত্তিতে আজ ভোররাতে সেখানে তল্লাশি চালানো হয়।

ডায়মন্ড হারবার পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার অভিষেক মজুমদার আজ এক সাংবাদিক বৈঠকে জানান, কী কারণে এই বিপুল পরিমাণ টাকা সেখানেই রাখা হয়েছিল, এর উৎস কী ইত্যাদি খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ।

বাইট

কলকাতা পুরসভার আসন পুনর্বিন্যাস সংক্রান্ত মামলার রায় ঘোষণার আগে অর্থাৎ আগামী ৬ ই নভেম্বর পর্যন্ত পুর ভোটের কোনো বিজ্ঞপ্তি জারি করা চলবে না বলে হাইকোর্ট নির্দেশ দিয়েছে। কলকাতা পুরসভার ১৪৪ টি ওয়ার্ড ভেঙ্গে ২০৯টি করা হয়েছে। আইনসম্মতভাবে এই পুনর্বিন্যাস হয়নি বলে আদালতের দ্বারস্থ হন কসবার বাসিন্দা সিপিআইএমের প্রাক্তন কাউন্সিলর দিপু দাস। হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ, ৬ সপ্তাহের মধ্যে রাজ্য সরকার এবং মামলাকারীকে হলফনামা জমা দিতে বলে। সেই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে দ্বারস্থ হন মামলাকারী। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য্য এবং বিচারপতি অর্জুন রায় মুখোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ আজ বিস্তারিত শুনানি শেষে রায়দান স্থগিত রাখেন। আগামী শুক্রবার আদালতের সিদ্ধান্ত জানা যাবে।

---

১৭ নভেম্বর অর্থাৎ আগামী ১৩ দিনের মধ্যে বীরভূমের পাথর ব্যবসায়ী টুলু মন্ডলকে দুবাই থেকে দেশে ফেরার নির্দেশ দিয়েছে সুপ্রিমকোর্ট। বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি শীল নাগুর বেঞ্চ আজ জানিয়েছেন, আগামী ৭ ডিসেম্বর পর্যন্ত টুলু মণ্ডলের বিরুদ্ধে কোনো কড়া পদক্ষেপ নিতে পারবে না পুলিশ।

বালি ও পাথর ব্যবসার ক্ষেত্রে ভুয়ো রসিদ বা ডুপ্লিকেট কার্বন রিসিট (DCR) বানিয়ে কোটি কোটি টাকার সরকারি রাজস্ব তছরুপের অভিযোগ রয়েছে টুলুর বিরুদ্ধে।

সুপ্রিমকোর্টে রাজ্য পুলিশের পক্ষ থেকে জানানো হয় টুলু, ১০ বছরের জন্য দুবাইয়ের গোল্ডেন ভিসা নিয়ে দেশ ছেড়েছেন। যদিও টুলুর আইনজীবী বলেন, বৈধভাবে ভিসা নিয়েই দুবাইতে ব্যবসা করছেন টুলু। আইনি সুরক্ষার প্রতিশ্রুতি মিললেই তিনি দেশে ফিরবেন এবং তদন্তে পূর্ণ সহযোগিতা করবেন।

এরপর রাজ্যের তরফে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা আদালতে আশ্বাস দেন তিন সপ্তাহ তার বিরুদ্ধে কোন পদক্ষেপ করা হবে না। তবে সাক্ষীদের প্রভাবিত করা বা তথ্য প্রমাণ নষ্ট করার চেষ্টা যাতে না হয় তা নিশ্চিত করারঅ আবেদন জানান তিনি। এরপরই টুলুকে ভারতে ফেরার সময়সীমা বেঁধে দেয় সর্বচ্চ আদালত।

রোজ ভ্যালি আর্থিক প্রতারণা মামলায় আমানতকারীদের টাকা ফেরানোর প্রক্রিয়ায় গতি আনতে উদ্যোগী হয়েছে কলকাতা হাইকোর্ট গঠিত অ্যাসেট ডিসপোজাল কমিটি -এডিসি। ৬ মাসের মধ্যে সুদ-সহ ৪৯২ কোটি টাকার বেশি প্রকৃত আমানতকারীদের হাতে তুলে দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

অবসরপ্রাপ্ত বিচারপতি দিলীপ কুমার শেঠের নেতৃত্বাধীন কমিটির তরফে জানানো হয়েছে, প্রযুক্তিগত সীমাবদ্ধতার কারণে দীর্ঘদিন ধরে প্রায় ৪২৩ কোটি টাকা প্রাপকদের মেটানো সম্ভব হয়নি। বর্তমানে তা বেড়ে ৪৯২ কোটি ৫২ লক্ষ টাকায় দাঁড়িয়েছে।

২০১৫ সালে কমিটি গঠিত হলেও প্রয়োজনীয় পরিকাঠামো, জনবলের অভাব এবং প্রশাসনিক জটিলতার কারণে দীর্ঘ সময় কাজ এগোয়নি। ২০২৪ সালের মাঝামাঝি থেকে দপ্তর, ওয়েবসাইট এবং প্রশাসনিক পরিকাঠামো পূর্ণাঙ্গভাবে চালু হওয়ার পর সম্পত্তি বিক্রি ও আমানতকারীদের টাকা ফেরানোর কাজ শুরু হয়। প্রথম দফায় অর্থ বিতরণ করা হয় ঐ বছরের তেসরা অক্টোবর।

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় জিজ্ঞাসাবাদের জন্য প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে ইডি আজ তলব করলেও তিনি হাজিরা দেন নি। শারীরিক অসুস্থতার কারণে উপস্থিত হতে না পারায় অতিরিক্ত সময় চেয়ে চিঠি পাঠিয়েছেন তিনি। তদন্তের প্রয়োজনে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে তাকে জেরা করা যেতে পারে বলে চিঠিতে জানানো হয়েছে।

দেশব্যাপী ডিজিটাল লাইফ সার্টিফিকেট অভিযান ৫.০-এর রেল পেনশনভোগীদের সুবিধার্থে একাধিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই অভিযানের অঙ্গ হিসেবে পূর্ব রেলের সদর দপ্তর, হাওড়া, শিয়ালদহ, আসানসোল ও মালদা ডিভিশনে এবং কাঁচরাপাড়া, লিলুয়া ও জামালপুর ওয়ার্কশপে বিশেষ হেল্পলাইন কেন্দ্র স্থাপন করা হয়েছে। রেল পেনশনভোগীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং তাঁদের ডিজিটাল লাইফ সার্টিফিকেট (DLC) জমা দেওয়ার প্রক্রিয়াকে সহজ, মসৃণ ও সম্পূর্ণ নিঝঞ্ঝাট করার লক্ষ্যে এই উদ্যোগ।

আজ এই কেন্দ্রগুলিতে রেলকর্মীদের সহায়তায় মোট ৭১৩ জন পেনশনভোগী সফলভাবে তাঁদের ডিজিটাল লাইফ সার্টিফিকেট জমা দিয়েছেন।

কলকাতা মেট্রো রেল ভবনেও আজ এই কর্মসূচির আয়োজন করা হয় ।

অতি প্রবল ঘূর্ণিঝড় মুরাসু ক্রমশ শক্তি হারাচ্ছে। তবে এর কোনো প্রভাব এরাজ্যে নেই। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে আগামী দুদিন দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন। এরপর সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে চার ডিগ্রি পর্যন্ত কমতে পারে।

ইডেনে চারদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটে আজ বৃষ্টি বিঘ্নিত তৃতীয় দিনে বাংলা তাদের দ্বিতীয় ইনিংসে চার উইকেটে ৭৬ রান করেছে।

এর আগে মহারাষ্ট্রের প্রথম ইনিংস ২১৮ রানে শেষ হয়। বাংলা প্রথম ইনিংসে করেছিল ১৪৩ রান।

---------- ----------